

২৬। প্রভু, সারা পৃথিবীতে মহিলাদের শারীরিক এবং আত্মিক স্বাস্থ্যের বিষয়ে প্রার্থনা করতে আরও অধিক লোককে ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী প্রার্থনা ক্যালেন্ডারের অনুরোধগুলির সঙ্গে যুক্ত করার জন্য কীভাবে আমরা সামাজিক প্রচার মাধ্যম এবং অন্যান্য উপায়গুলিকে ব্যবহার করতে পারি সেই বিষয়ে আমাদের সৃজনশীল ধারণা দাও। (ইফিষীয় ২:১০)

২৭। অধিকাংশ কোরিও মহিলারা তাদের পরিবারের স্বাস্থ্যের তত্ত্বাবধানের বিষয়টিকে প্রাধান্য দেওয়ার দ্বারা তাদের নিজেদের কল্যাণের বিষয়টিকে অবহেলা করে, তাদেরকে দেখাও যে তাদের নিজেদের শরীরের যত্ন নেওয়ার বিষয়টি হচ্ছে তোমার প্রতি বাধ্যতার বিষয়। তারা যেন স্বাস্থ্যকর খাদ্য গ্রহণ এবং সুস্থ জীবনধারার বিষয়গুলি অনুশীলন করার দ্বারা সাড়া দিতে পারে। (২ তীমথিয় ১:৭)।

২৮। আমরা ভারতের তেলুগু প্রার্থনার অংশীদারদের জন্য প্রার্থনা করি যারা কোভিড ১৯ থেকে সুস্থ হয়েছে। পিতা, যারা অবিরত তাদের স্বাস্থ্যের বিষয়ে ভয় এবং সন্দেহের অভিজ্ঞতা লাভ করছে তাদের সম্পূর্ণরূপে আরোগ্য প্রদান কর। (৩ যোহন ১:২)

২৯। ঈশ্বর, তুমি আমাদের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারীর লাইবেরিয়ার বিশ্বস্ত প্রার্থনার নেতাদের এবং তাদের বয়স্ক জীবন সঙ্গীদের সুস্বাস্থ্য এবং শক্তি দাও। (যিশাইয় ৪০:৩১)

৩০। ঈশ্বর, সারা পৃথিবী ব্যাপী ৪৯৩ মিলিয়ন মহিলা এবং বালিকারা যে খাদ্যের নিরাপত্তাহীনতার কঠিন সমস্যার সম্মুখীন হচ্ছে সেই সমস্যার সমাধান খুঁজতে আমাদের পথ দেখাও, তাদের মধ্যে অনেকে সেই সমস্ত দেশে বাস করছে যেখানে নানা রকমের সংঘর্ষ এবং দুর্ভিক্ষ চলছে। (যাকোব ২:১৫-১৭)

বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বাংলাদেশের অধিকাংশ মানুষ সীমিত আয় সীমার নিচে বসবাস করছে, এবং দিনদিন শিক্ষিত বেকারদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। প্রার্থনা করবেন যেন বাংলাদেশের সকল স্তরের মানুষ দারিদ্র্যতার হাত থেকে বাঁচতে পারে, এবং মেয়েদের কর্মসংস্থান বৃদ্ধি পায়।

৩। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৪। যে সমস্ত বিশ্বাসীগণ বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের চাল হয়ে সমস্ত বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।



Women of Hope Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



2021. 4.

মহিলাদের স্বাস্থ্য এবং স্বাচ্ছন্দ্য

আয়ু বাড়ার সাথে সাথে স্বাস্থ্যের প্রতি আগ্রহ বাড়ছে। তবে স্বাস্থ্যের মধ্যে কেবল শারীরিক স্বাস্থ্য নয় আত্মিক স্বাস্থ্যও অন্তর্ভুক্ত এবং আমাদের খৃষ্ট বিশ্বাসীদের আত্মিক স্বাস্থ্যেরও ভাল যত্ন নিতে হবে। এটিই এক উত্তম ধনাধক্ষের জীবন।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.

TWR Korea 북방선교방송

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층
전화 (02)886-5671 / 이메일 phkorea@twr.or.kr

আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। ডেনমার্কের মহিলারা যেন উপলব্ধি করতে পারে যে উপযুক্ত পুষ্টি এবং বিশ্রামের মাধ্যমে তাদের দেহ এবং মনের তত্ত্বাবধান করার বিষয়টি তাদের অনুগ্রহ দানগুলির একজন বিশৃঙ্খল ধনাধ্যক্ষ হওয়ার অংশ। (রোমীয় ১২:১)

২। পিতা, আমরা জানি যে বুরুন্ডি বালিকারা কম বয়েসে বিবাহ করার অভিজ্ঞতা লাভ করার জন্য তাদের স্বাস্থ্য এবং স্বাচ্ছন্দ্যের বিষয়ে অনেক সমস্যার সম্মুখীন হয়। এই অনিষ্টের সত্যটি যেন সাংস্কৃতিক নেতাদের হৃদয়ে পৌঁছায় যাতে এই অস্বাস্থ্যকর রীতিটি যেন বন্ধ হয়। (হিতোপদেশ ২১:১)

৩। তাদের শারীরিক এবং আত্মিক জীবনের জন্য বিভিন্ন তথ্য পরিবেশন করার মাধ্যমে নেপালের অসংখ্য মহিলারা আশাময়ী নারী অনুষ্ঠানগুলির মাধ্যমে তাদের খ্রীষ্টিয় সহভাগিতা খুঁজে পেয়েছে। আপনার বাক্যের মাধ্যমে তাদেরকে দৃঢ়ভাবে দাঁড়ানোর জন্য শক্তিশালী করুন। (ফিলিপীয় ৪:১)

৪। প্রভু, আলবেনিয়ার মহিলাদের তোমার প্রতি তাদের দৃষ্টি ফোকাস করতে সাহায্য কর, যাতে তাদের মন থেকে এবং হৃদয় থেকে অতিমারীর জন্য উদ্ভূত পঙ্গুকারী ভয় দূরীভূত হয়। যারা ঈশ্বরে আশার বিষয় জানে না তাদের কাছে তাদের বিশ্বাসের বিষয়টি সহভাগিতা করার জন্য তাদের সাহস দাও (যিশাইয় ৪১:১০)

৫। পিতা, সাধারণ দেহের অধিকারী কোরিয় মহিলারা মনে করে যে তারা খুবই মোটা হয়ে যাচ্ছে, সেই কারণে তারা অতিরিক্তভাবে খাদ্যবিধি মেনে চলে, যা তাদের দেহ এবং মনের উপর বিপরীত প্রতিক্রিয়া করে। তাদেরকে আপনি যেমন করেন সেইভাবে নিজেদের দেখতে এবং অভ্যন্তরীণ সৌন্দর্যের বিষয়টি অনুসরণ করতে সাহায্য করুন। (১ পিতর ৩:৩-৪)

৬। প্রভু, তুমি আমাদের পোল্যান্ডের দলটিকে স্বাস্থ্য, শান্তি, বিশ্বাস, ধৈর্য এবং অতিপ্রাকৃত শক্তি দাও যাতে তারা এই অতিমারীর সময় মহিলাদের পরিচর্যা করতে পারে। (গীত ২৯:১১)

৭। ঈশ্বর, তুমি রোমানিয়ার মহিলাদের শারীরিক স্বাস্থ্যের সঙ্গে আত্মিক স্বাস্থ্যের বিষয়েও আগ্রহী কর। তারা যেন তোমার সঙ্গে পা মিলিয়ে চলতে পারে এবং তোমার মধ্যে তারা যেন বিশ্রাম খুঁজে পায়। (মথি ১১:২৮-৩০)

৮। পিতা, আমরা লাইবেরিয়ার এবং অন্যান্য জায়গার ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারীর নেত্রীদের আরোগ্য এবং আশীর্বাদের জন্য প্রার্থনা করি যারা যীশুর নামে তাদের চারিদিকের মহিলাদের পরিচর্যার জন্য নিজেদের জীবনকে উদারভাবে নিবেদিত করেছেন। (লুক ৬:৩৮)

৯। ফিনিশীয় মহিলারা যখন তাদের সন্তানদের পরিচালনা করে, তাদের পেশার পেছনে ছোট্ট ছুটি করে, বিবাহের বিষয়ে বিভিন্ন চ্যালেঞ্জের সম্মুখীন হয় এবং তাদের বয়স্ক বাবা মায়ের তত্ত্বাবধান করে, তখন তাদেরকে তাদের এই অবিরত কর্তব্যগুলি থেকে পৃথক হতে এবং প্রতিদিন তোমাতে শান্তি এবং বিশ্রাম খুঁজে পেতে সক্ষম কর। (ফিলিপীয় ৪:৬-৭)

১০। ঈশ্বর, তুমি আমাদের মহান চিকিৎসক। আমরা তোমার কাছে যাত্রা করি যারা যুদ্ধ এবং দাঙ্গায় তাদের আত্মীয়দের হারানোর কষ্টে ভুগছে তাদেরকে মানসিকভাবে এবং আবেগসংক্রান্তভাবে আরোগ্য কর। (গীত ১৪৭:২)

১১। পিতা, আমাদের দেহ এবং প্রাণকে অবহেলা করার জন্য আমাদের ক্ষমা করো। তোমাতে বিশ্রাম লাভ করার জন্য এবং পুনরুদ্ধার হওয়ার বিষয় তোমার কাছে আসার জন্য তুমি আমাদের আহ্বান করেছো। আজ, আমরা তোমাকে এবং তোমার সমস্ত পথ মনোনীত করেছি, এটি এমন একটি মনোনয়ন যা আমাদের জীবনের উপচয়ের প্রতি পরিচালিত করে। (১০:১০খ)

১২। যখন এই অতিমারী চলাকালীন চাপ, ভয়, আত্মহত্যা এবং ঘরোয়া হিংস্রতা লেগেই আছে, আমরা প্রার্থনা করি যে সার্বিয়ার মহিলারা যেন তোমাকে জানে, তুমি তাদের হৃদয়ে আত্মিক স্বাস্থ্য, আনন্দ, শান্তি এবং আশা আনতে পারো। (যিরমিয় ২৯:১১)

১৩। প্রভু যীশু, তুমি জার্মানীর লোকদের অন্তরে কথা বলো যাতে তাদের কাছে যা কিছু আছে তা তারা যেন অভাবী মানুষদের কাছে উদারভাবে সহভাগিতা করে। তারা যেন ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী প্রার্থনা ক্যালেন্ডারের দ্বারা অনুপ্রাণিত হয়ে দান করে এবং কাজ করে। (১ যোহন ৩:১৬-১৮)

১৪। প্রভু, ভারতের ঝাড়খন্ডের বোনদের পুনরুদ্ধার করো, তাদের মধ্যে অধিকাংশই ভালোবাসা, সহভাগিতা এবং সম্মানের অভাবে ভুগছে এবং এর সঙ্গে তারা দারিদ্র, অসুস্থতা এবং তাদের পরিবারের মদ্যপায়ী সদস্যদের দ্বারা অত্যাচারিতও হচ্ছে। (গীত ৩২:৭)

১৫। লোকেরা যেহেতু মহিলাদের জননেদ্রিয়চ্ছেদের ক্ষতি সম্পর্কে শিক্ষিত হয়েছে, সেহেতু এই ধ্বংসাত্মক রীতি বাদ দেওয়ার প্রয়োজনের জন্য তাদের সংস্কৃতি এবং সামাজিক রীতিনীতিগুলি পরিবর্তিত করার জন্য তোমার আত্মা দ্বারা তাদের চালিত করো। (কলসীয় ২:৮)

১৬। পিতা, ইউক্রেনের মহিলাদের জ্ঞান দাও তারা যেন তাদের স্বাস্থ্যের বিয়য় যত্ন নেয় এবং কোনও রোগের উপসর্গ দেখা দিলেই সময় মতো চিকিৎসকদের সঙ্গে পরামর্শ করে। (১ করিন্থীয় ৬:১৯-২০)

১৭। পিতা, তুমি আমাদের বিশ্বাসী হিসাবে সমাজে বাস করার জন্য আহ্বান করেছো। আমরা প্রার্থনা করি যে কানাডার খ্রীষ্টিয় মহিলারা যেন এক সঙ্গে গভীরভাবে প্রার্থনা করে, গভীরভাবে চিন্তা করে, তোমার বাক্যের ধ্যান করে এবং খ্রীষ্টে তাদের পরিচিতির জন্য পরস্পরকে উৎসাহিত করে। (ইব্রীয় ১০:২৪-২৫)

১৮। রোমানিয়ার চিকিৎসা সংক্রান্ত কর্মীদের আশীর্বাদ কর যারা মহিলাদের স্বাস্থ্যের বিষয়ে যুক্ত আছে। তারা যে মহিলাদের চিকিৎসা করে তাদের প্রয়োজনগুলির বিষয়ে যেন সংবেদনশীল হয় এবং উচ্চমানের চিকিৎসা সংক্রান্ত পরিষেবা দান করে। (যিরমিয় ৩০:১৭)

১৯। পিতা, তোমাকে ধন্যবাদ, আমরা যখন আমাদের জীবনকে তোমার সঙ্গে জোটবদ্ধ করছি, তখন তুমি আমাদের পথ দেখাও এবং আমাদের প্রাণে শান্তি এবং আরোগ্য আনো। (রোমীয় ১২:২)

২০। আমাদের আরোগ্যকারী, যীশু, ইন্দোনেশিয়ায় ক্যানসারে আক্রান্ত অসংখ্য মহিলাদের শরীর স্পর্শ করার জন্য আমরা তোমার কাছে প্রার্থনা করি। তুমি নেতাদের অন্তরগুলিকে অন্দোলিত করো তারা যেন দরিদ্রদের বিনামূল্যে ক্যানসার স্ক্রীনিংয়ের ব্যবস্থা করে। (গীত ৩০:২)

২১। প্রভু, আমাদের প্যারাগুয়ের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী কারাগার পরিচর্যার দলটি যেন বন্দী মহিলাদের উপর ইতিবাচক প্রভাব বিস্তার করতে পারে, তাদেরকে যেন এই শিক্ষা দিতে পারে যে বাধা থাকলেও খ্রীষ্টে তাদের জন্য মহান স্বাধীনতা আছে। (যোহন ৮:৩৬)

২২। প্রভু, তুমি আমাদের দৃঢ় ভিত্তির উপর দৃঢ়রূপে দাঁড়াতে সাহায্য করো যাতে আমরা আমাদের দৈনন্দিন জীবনে অবিরত পরিবর্তন এবং চ্যালেঞ্জগুলির মধ্যে অবিচল থাকতে পারি। (১ করি ১৫:৫৮)

২৩। প্রভু, আমরা উরুগুয়ের তত্ত্বাবধানকারীদের জন্য প্রার্থনা করি যেন তারা তাদের নিজেদের স্বাস্থ্যের সুরক্ষা করতে পারে যাতে তারা তাদের রোগীদের এবং পরিবারগুলিকে দেখাশোনা করার শক্তি পায়। (১ করিন্থীয় ৯:২৭)

২৪। পিতা, ইথিয়োপিয়ায় যে মহিলারা ফিশুলায় কষ্টভোগ করছে তাদেরকে হিলিং ভয়েস অনুষ্ঠানের মাধ্যমে সচেতন করার জন্য, শিক্ষা দেবার জন্য এবং তথ্য প্রদান করার জন্য তোমাকে ধন্যবাদ দিই। আমরা সারা পৃথিবীতে এই ধরণের অবস্থার মধ্যে বাসকারী ২০ লক্ষ মহিলাদের জন্য প্রার্থনা করি। (যিরমিয় ১৭:১৪)

২৫। পিতা, আমরা তোমার জন্য কোনও কাজ নাও করতে পারি এবং তোমার সঙ্গে আমাদের সম্পর্কে অবহেলা করতে পারি। তুমি আমাদের যেরকম হওয়ার বিষয় আশা করো এবং আমাদের দিয়ে যা করাতে চাও তা সম্পাদন করার জন্য তুমি আমাদের মধ্যে কাজ করবে—এই বিষয়টি জেনে তুমি আমাদের তোমাতে বিশ্রাম করতে সাহায্য করো। (যিশাইয় ৪৬:৯-১১)